

## **Bachelor's Degree Programme (BDP)**

**Foundation Course in Bangla (FBG-1)**

***Assignment***  
**(For July-2024 and January-2025 sessions)**

**Last Date of Submission of Assignment**  
31<sup>st</sup> March, 2025 for July-2024 session and  
30<sup>th</sup> September, 2025 for January-2025 session



**School of Humanities  
Indira Gandhi National Open University  
Maidan Garhi, New Delhi-110068**

## Foundation Course in Bangla

Assignment 2024-25

Programme Code : BDP

Course Code : FBG - 01

Maximum marks - 100

- 1) বাংলা সাহিত্যের মধ্যযুগীয় ইতিহাসের ধারায় অনুবাদ সাহিত্যের অবদান কি  
ছিল লেখ। 10
- 2) 'হে মোর চিত্ত, পুণ্য তীর্থে জাগো রে ধীরে, এই ভারতের মহামানবের  
সাগরতীরে' - এই পংক্তিতে রবীন্দ্রনাথ ঠাকুর সর্বধর্মসমন্বয়ের যে সুবিশাল চিত্র  
অঙ্কণ করেন, 'ভারততীর্থ' কবিতার আলোকে তা ব্যাখ্যা কর। 10
- 3) 'এইরূপে আমেদাবাদে ও বোম্বাইয়ে মাস ছয় কাটাইয়া আমরা বিলাতে যাত্রা  
করিলাম' - রবীন্দ্রনাথ ঠাকুরের বিলাতবাসের অভিজ্ঞতা 'জীবনস্মৃতি : বিলাত'  
প্রবন্ধ অবলম্বনে আলোচনা কর। 10
- 4) নিচের শূন্যস্থানগুলি সঠিক উত্তর দ্বারা পূর্ণ কর। 10
- ক) রাণীক্ষেত্রে কুন্তী আর হরদৌয়ার \_\_\_\_\_ বছর ছিল।
- খ) \_\_\_\_\_ জোগাড় করেছি, কিন্তু \_\_\_\_\_ পাইনি।
- গ) রামায়ণের অনুবাদক কৃতিবাস পশ্চিমবঙ্গে গঙ্গাতীরে অবস্থিত \_\_\_\_\_ গ্রাম  
বসবাস করতেন।
- ঘ) শ্রীকৃষ্ণবিজয় \_\_\_\_\_ রচনা।

- ঙ) ডিরোজিও ছিলেন \_\_\_\_\_ গোষ্ঠীর পুরোধা।
- চ) \_\_\_\_\_ উৎসবে ধর্মের আমেজটা কম, আনন্দই তার মূল উৎস।
- ছ) পুবেই বলা হইয়াছে যে, \_\_\_\_\_ সংঘর্ষে ভারত ক্রমে বিনিজ্জ হইতেছে।
- জ) কাশী, কোশল, মগধ ও বৃজি রাজ্য চতুষ্টয়ের মধ্যে রাজনৈতিক প্রাধান্য বিভারের সংগ্রাম চলল প্রায় \_\_\_\_\_ বছর ধরে।
- ঝ) পুরাণে আরো বলা হয়েছে যে শিব বিশ্বের প্রথম নাচ নেচেছিলেন, এজন্যই শিবের অপর নাম \_\_\_\_\_।
- এঃ) \_\_\_\_\_ এবং \_\_\_\_\_ হল তাড়িত ধ্বনি।
- ৫) নিচের শব্দগুলির যে কোন পাঁচটির সমাস ভেঙে তাদের অর্থ লিখে বাকে  
প্রয়োগ কর - 10  
খনিজ, গন্ধতেল, গাড়িবারান্দা, বিদেশ, পুরুষসিংহ, করপল্লব, খোকাবাবু, কাঁচামিঠে
- ৬) নিচের প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর লেখ। 10
- ক) পিঁপড়েদের বংশবৃদ্ধির কাজ সাধারণত কোন ধরনের পিঁপড়েরা করে থাকে?
- খ) মানবশরীরে রঞ্জের ভূমিকা কি?
- গ) রক্তকণিকার মোট তিনপ্রকার ভাগের নাম লেখ।
- ঘ) ‘মানুষের পারস্পরিক যোগাযোগের একটা বড় অংশ জুড়ে রয়েছে ভাষা’ – এই  
উক্তির আলোকে ভাষার কাজ কি লেখ।
- ঙ) বিখ্যাত বিজ্ঞানী ও আবিষ্কারক টমাস আলভা এডিসনের দুটি আবিষ্কার কি কি?
- চ) আর্যভাষ্যা থেকে জন্ম নিল যে ‘আর্যজাতি’, তাদের আদি বাসস্থান কি ছিল?

ছ) 'উত্তিরের জন্ম ও মৃত্যু' প্রবন্ধ অবলম্বনে কান্ড ও মূলের সংজ্ঞা লেখ।

জ) 'স্বাধীনতা হীনতায় কে বাঁচিতে চায়' রচনার লেখক কে?

ঝ) মধ্যযুগে বাংলা সংস্কৃতির কেন্দ্রস্থলপ কোন কোন স্থানগুলিকে চিহ্নিত করা যায়?

এঝ) মুরিয়া ও রাজ-মুরিয়া দুই শ্রেণীর মানুষের মধ্যে পার্থক্য কি?

৭) নিচের যে কোন পাঁচটি শব্দের সঙ্গি বিচ্ছেদ কর -

5

রঞ্জাকর, মরুদ্যান, হিতৈষী, অত্যন্ত, প্রত্যেক, সচরিত্র, তৎসম

৮) সঙ্গি কর যে কোন পাঁচটি -

5

উদ্ + নয়ন

সম্ + সদ্

মনঃ + রম

বয়ঃ + বৃদ্ধ

শিরঃ + চেদ

মহা + ঋষি

যথা + উচিত

৯) নিচের বাক্যগুলিকে জটিল বাক্যে পরিনত কর -

5

ক) আমি গাছে উঠব। আমি আম পাড়ব।

খ) সে ছাতা নিল। আজ বৃষ্টি হল।

- গ) রাম পরীক্ষায় প্রথম হল। বাবা তাকে গল্লের বই কিনে দিল।
- ঘ) তার গায়ে খুব জোর। সে বাঁশের লাঠি ভেঙে দুই টুকরো করে দিল।
- ঙ) লীলা খুব সুন্দরী। তার খুব অহঙ্কার।
- 10) নিম্নলিখিত অংশটি চলিত ভাষায় রূপান্তরিত কর - 10
- এই মুখরা মেয়েটিকে সহসা নিধিরামের অত্যন্ত ভালো লাগিয়া গেল। ক্রমে ক্রমে কালীঘাটের পুতুল, গালার চুড়ি, দু-এক টুকরো জড়ির কাপড় নিধিরামের সিঁদুরের বাক্সে আশ্রয় পাইয়া অবশেষে সরস্বতীর খেলাঘরে স্থানলাভ করিতে লাগিল। প্রত্যহের আনন্দহীন, একঘেয়ে কেনাবেচার মধ্যে এই মেয়েটির সঙ্গে দু'দণ্ড কথা কহিয়া নিধিরাম আনন্দ পাইত। সময় সময় নীলবাঢ়ির জানালার রোয়াকে সিন্দুরের পেঁটো কোলের উপর রাখিয়া নিধিরাম সরস্বতীর সহিত তাহার মাটির ছেলেমেয়েদের সুখদুঃখের কথা কহিয়া ঘন্টার পর ঘন্টা কাটাইয়া দিয়াছে, ভিন্ন পল্লীতে গিয়া বেসাতি বেচিলে দশটা পয়সা রোজগার হয়, এ কথা মাঝে মাঝে মনে হইয়াছে বটে, তথাপি তাহার প্রগল্ভ বান্ধবীর মোহ কাটাইয়া উঠিতে পারে নাই।
- 11) এক কথায় প্রকাশ কর - 5
- অনুসন্ধান করবার ইচ্ছা, হত্যা করার ইচ্ছা, যা বলা হয়েছে, যিনি আগে জন্মগ্রহণ করেছেন, যা মাটি ভেদ করে ওপরে ওঠে
- 12) ‘চোখ’ এই বিশেষ পদটিকে বিশিষ্টার্থে প্রয়োগ কর। 5
- 13) নিচের বাগধারা দিয়ে অর্থসহ বাক্যরচনা কর। 5
- অকাল কুঞ্চাও, আমড়াগাছি, কান পাতলা, কলুর বলদ, খয়ের খঁ